

আইএসও ২৬০০০ বাস্তবায়ন করার বিভিন্ন ধাপ

যখন একটি প্রতিষ্ঠান আইএসও ২৬০০০ বাস্তবায়ন করতে শুরু করবে, তখন সেখানে ভুল বোঝাবুঝি শুরু হওয়ার সম্ভাবনা থাকতে পারে। সে কারণে নির্ভরযোগ্য ব্যক্তিকে নিয়োগ দেয়াটা খুব জরুরি; একই সাথে সকলের ভূমিকা এবং প্রতিষ্ঠানটি কি নিয়মে অগ্রসর হবে সেই বিষয়টি ও সবাইকে জানিয়ে রাখা ভালো। ফলে, সকলের সমর্থন নিশ্চিত হবে এবং সকলে সম্পূর্ণ ও স্বচ্ছভাবে তাদের কার্য সম্পাদন করতে পারবে। আইএসও ২৬০০০ কার্যকর করার ক্ষেত্রে একটি প্রতিষ্ঠান যে সকল সহজ ধাপ অনুসরণ করতে পারেন, এই অধ্যায় সেসব নিয়েই আলোচনা করা হবে। ধাপগুলো হলো^{১০} -

১. সাতটি মূল বিষয়ের মধ্যে কোনগুলো প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেটা চিহ্নিত করা।
২. স্টেকহোল্ডারদের চিহ্নিত করা ও খুঁজে বের করা কি বিষয়ে তাদের আগ্রহ এবং তারা প্রতিষ্ঠানের কাছে কি আশা করে।
৩. একটি স্টেকহোল্ডার প্যানেল গঠন করা।
৪. প্রতিষ্ঠানের জন্য কি কি সঙ্গত ও তাৎপর্যপূর্ণ তা খুঁজে বের করা।
৫. উল্লেখযোগ্য সামাজিক দায়িত্বশীলতা ইস্যুসমূহের জন্য একটি কার্য সম্পাদন পরিকল্পনা করা।
৬. কর্মকান্ডসমূহ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা।
৭. স্টেকহোল্ডার প্যানেলের কাছে অগ্রগতির প্রতিবেদন পেশ করা এবং নিয়মিত মতামত পাওয়ার জন্য যোগাযোগ রাখা।
৮. আত্ম-সমীক্ষণ, ক্ষমতার পর্যায়, সঙ্গতি ও তাৎপর্য, প্রয়োজনবোধে পরিকল্পনার উন্নয়ন সাধন এবং যোগাযোগ রক্ষার ধাপসমূহের পুনরাবৃত্তি করা।

^{১০} A User Guide prepared by Michelle S. Bernhart and Francis J. 'Sonny' Maher - এই বইটির আলোকে ধাপগুলো তৈরী করা হয়েছে